



মহেশ্বর জহান

বিদ্যালয় শিক্ষামন্ত্রী

Minister, School Education

॥ বিশেষ আবেদন ॥

৬ থেকে ১৪ বছরের সকল শিশুদের শিক্ষার সুযোগ পাওয়া একটি সাংবিধানিক অধিকার। ওই বয়সী সকল ছেলেমেয়েদের শিক্ষাঙ্গনে নিয়ে আসার লক্ষ্যে রাজ্যের সর্বশিক্ষা অভিযান প্রকল্পের উদ্যোগে প্রতি বছর ১লা জানুয়ারী থেকে ৭ই জানুয়ারী পর্যন্ত ‘বিদ্যালয় চলো অভিযান’ কর্মসূচী পালন করা হয়ে থাকে। ঠিক একই রকম ভাবে, রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান প্রকল্পের উদ্যোগে ১৪ থেকে ১৬ বছর বয়সী ছেলেমেয়েদের মাধ্যমিক স্তরের শিক্ষার আঙিনায় নিয়ে আসার লক্ষ্যে ‘বিদ্যালয়ে ফিরে চলো’ কর্মসূচীর রূপায়ণ করা হয়।

রাজ্যের সকল শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক- অভিভাবিকা, শিক্ষাকর্মী, জনপ্রতিনিধি, শিক্ষানুরাগী সহ সর্বস্তরের জনগণের সর্বাঙ্গিক সহযোগিতায় এখন পর্যন্ত রাজ্যে অধিকাংশ বিদ্যালয়-বহির্ভূত শিশুদের বিদ্যালয়ের আঙিনায় আনা সম্ভব হয়েছে। তারপর-ও কিছু সংখ্যক ৬ থেকে ১৬ বছর বয়সী শিশু এখন-ও শিক্ষার আওতার বাইরে রয়ে গেছে।

প্রথম বারের মতো এইবার ২০১৮ শিক্ষাবর্ষে ৬ থেকে ১৬ বছর বয়সী সকল স্তরের ছেলেমেয়েদের বিদ্যালয়-মুখী করার লক্ষ্যে রাজ্যের সর্বশিক্ষা অভিযান এবং রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের যৌথ উদ্যোগে ১লা জানুয়ারী থেকে ৭ই জানুয়ারী পর্যন্ত ‘বিদ্যালয় চলো অভিযান’ এবং ‘বিদ্যালয়ে ফিরে চলো’ কর্মসূচী দুটি একসঙ্গে পালন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই মহতী উদ্যোগের সফল বাস্তবায়নের লক্ষ্যে রাজ্যের সকল শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাদরদী জনগণ, স্বেচ্ছাসেবী সংস্থা, জনপ্রতিনিধি, ত্রি-স্তরীয় পঞ্চায়েত, শিক্ষাকর্মী, পিতা-মাতা সহ আপামর জনসাধারণের আন্তরিক অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কাম্য।

এ ছাড়া-ও বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নিয়মিত উপস্থিতি সুনিশ্চিত করা ও উপস্থিতির হার বৃদ্ধি করা; তাদের সুস্থ ও সুন্দর জীবন যাপন সুনিশ্চিত করার লক্ষ্যে বিদ্যালয়ে স্বাস্থ্য সস্মত শৌচাগার ব্যবহার ও তার স্বচ্ছতা বজায় রাখা, ধারাবাহিক ভাবে বিদ্যালয় পরিসর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, মধ্যাহ্ন আহার প্রকল্পের সঠিক ভাবে বাস্তবায়ন করা, শৌচের পরে ও খাওয়ার আগে সাবান দিয়ে ছাত্র-ছাত্রীদের হাত ধোয়ার অভ্যাস গড়ে তোলার উদ্দেশ্যে সক্রিয় ভূমিকা পালন করার জন্য-ও সকলের প্রতি অনুরোধ রইল।

আগরতলা,

.....২২...../১২/২০১৭ ইং

নমস্কারান্তে,

(তপন চক্রবর্তী)  
বিদ্যালয় শিক্ষামন্ত্রী  
ত্রিপুরা সরকার